## খোকন চন্দ্র রায়,উপজেলা সমবায় অফিসার,সদরপুর,ফরিদপুর কর্তৃক দক্ষিণ চরবিষ্ণুপুর খেজুরতলা আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমের উপর পরিদর্শন প্রতিবেদন।

| | |
|---|---|
| ০১। সমিতির নাম | ঃ দক্ষিণ চরবিষ্ণুপুর খেজুরতলা আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতি লিঃ। |
| ০২। নিবন্ধন নং ও তারিখ | ঃ নং-০১ তারিখ-১৪/০৯/২০১৪ইং (সংশোধিত-০২, তারিখ-১৫/০২/২০১৫)। |
| ০৩। সমিতির ঠিকানা | ঃ গ্রাম-দক্ষিণ চরবিষ্ণুপুর,পোঃ-চরবিষ্ণুপুর,উপজেলাঃ সদরপুর, জেলাঃ ফরিদপুর। |
| ০৪। সমিতির সভ্য নির্বাচনী ও কর্ম এলাকা | ঃ দক্ষিণ চরবিষ্ণুপুর খেজুরতলা আশ্রয়ণ প্রকল্পের মধ্যে সীমাবদ্ধ। |
| ০৫। সমিতির সদস্য সংখ্যা | ঃ পুরুষ- ১২ জন,মহিলা-১৮ জন, মোট- ৩০ জন। |
| ০৬। পূর্ববর্তী পরিদর্শনকারী নাম ও পদবী | ঃ - |
| ০৭। পূর্ববর্তী পরিদর্শনের তারিখ | ঃ - |
| ০৮। বর্তমান পরিদর্শনকারী নাম ও পদবী | ঃ খোকন চন্দ্র রায়, উপজেলা সমবায় অফিসার, সদরপুর, ফরিদপুর। |
| ০৯। বর্তমান পরিদর্শনে তারিখ | ঃ ২০/০২/২০২৫ |
| ১০। সর্বশেষ বার্ষিক সাধারন সভার তারিখ | ঃ ০১/১২/২০২৩। |
| ১১। সর্বশেষ নির্বাচনের তারিখ | ঃ ৩০/০৪/২০২৪ ইং । |
| ১২। বর্তমান সমবায় বর্ষে ব্যঃ কমিঃ সভার সংখ্যা | ঃ ০৬ টি |
| ১৩। বর্তমান অডিট অফিসারের নামও পদবী | ঃ মোঃ নূর এ এলাহী, উপজেলা সমবায় অফিসার, সদরপুর,ফরিদপুর। |
| ১৪। বর্তমান অডিট সম্পাদনের তারিখ | ঃ ০৯/০৯/২০২৪ইং। |
| ১৫। সমিতির শ্রেনি | ঃ সক্রিয় |

১.০১ <u>ভুমিকা ঃ</u>

উক্ত সমিতির কার্যক্রম পরিদর্শনের জন্য ২০/০২/২০২৫ ইং তারিখ নির্ধারণ করতঃ নিম্নেস্বাক্ষরকারীর সংশ্লিষ্ট সকলকে অবহতি করা হয়। নির্ধারিত তারিখে পরিদর্শনের জন্য সমিতির কার্যালয়ে গিয়ে সভাপতি সহ ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ এবং কর্মরত কর্মচারী উপস্থিত ছিলেন। সমিতিতে রক্ষিত রেকর্ড পত্রের ভিত্তিতে ২০/০২/২০২৫ইং তারিখে পরিদর্শন কাজ সম্পাদন করা হয়।

### নিবন্ধন

২.০১ **পর্যালোচনা** ঃ সমিতির উপস্থাপিত কাগজপত্র মতে সমিতিটি উপজেলা সমবায় অফিসার,সদরপুর,ফরিদপুর কর্তৃক বিগত ১৪/০৯/২০১৪ইং তারিখে দক্ষিণ চরবিষ্ণুপুর খেজুরতলা আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতি লিঃ শিরোনামে নিবন্ধন সংখ্যা ০১ মূলে নিবন্ধিত হয়। নিবন্ধন সংক্রান্ত কাগজপত্র সমিতিতে সংরক্ষিত আছে। সমিতির নিবন্ধিত উপ-আইন কতিপয় ধারা উপধারা সমবায় সমিতি আইন/০১(সংশোধন/০২ও ১৩) ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এর সহিত অসংগতি রয়েছে।

২.০২ **মন্তব্য** ঃ সমবায় সমিতি আইন/০১ (সংশোধন-০২ও ১৩) ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এর সহিত সংগতি রেখে বর্তমান উপ-আইন তৈরী করার জন্য বলা হল। উপ-আইন সকল সদস্যদের মধ্যে সরবরাহ করতে পরামর্শ দেয়া হলো।

### কার্যকরী এলাকা

**৩.০১ পর্যালোচনা** ঃ সমিতির উপ-আইনের ধারা মোতাবেক সমিতির সভ্য নির্বাচনী এলাকা দক্ষিণ চরবিষ্ণুপুর খেজুরতলা আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর মধ্যে সীমাবদ্ধ।

৩.০২<u>মন্তব্য</u> ঃ সমিতির সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকায় সমিতির কার্যক্রম করার জন্য বলা হলো।

### সমিতির উদ্দেশ্যাবলী

**৪.০১ পর্যালোচনা** ঃ সমিতির উপ-আইনের ৪নং অনুচ্ছেদে সমিতি গঠণের মূখ্য উদ্দেশ্য সমূহ লিপিবদ্ধ রয়েছে। সমিতির মূখ্য উদ্দেশ্য সমূহ হচ্ছে ঃ-

১। সভ্যগণকে সমবায় নীতি আদর্শ বিষয়ে শিক্ষাও প্রশিক্ষণ দিয়ে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে সমবায় সংগঠন ভিত্তিক পরিকল্পিত জীবন যাপনে উদ্বুদ্ধ করা।

২। ব্যক্তিভাবে সভ্যগনকে এবং সমষ্ঠিগতভাবে সংগঠনকে অর্থনৈতিক ক্ষেত্রে সাবলম্বি করে তোলা।

৩। সভ্যগণের এবং সংগঠনের স্বার্থে গৃহনির্মাণ, পরিবহন প্রভৃতি বিষয়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

৪। প্রয়োজন হলে জমি গৃহাদি বা অন্য কান স্থাবর অস্থাবর সম্পত্তি করা।

**৪.০২ মন্তব্য** ঃউপ-আইনের উদ্দেশ্য সমূহ পর্যায়ক্রমে বাস্তবায়নে ব্যবস্থাপনা কমিটিকে আরো কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## ব্যবস্থাপনা কমিটি ঃ

৬.০১ পর্যালোচনা ঃসমিতিতে রক্ষিত রেকর্ড দৃষ্টে দেখা যায়, সমিতির ব্যবস্থাপনা ০৬(ছয়) সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটির উপর ন্যাস্ত রয়েছে। সমিতির উলেখিত রেকর্ডপত্র মতে সমিতির সর্বশেষ ব্যবস্থাপনা কমিটি বিগত ১১/০৯/২০২২ইং তারিখে নিয়োগের মাধ্যমে নির্বাচিত হয় ।

**সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির বিবরণ নিম্নরূপ ঃ-**

| ক্রঃ নং | কর্মকর্তাদের নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ কামাল হোসেন | সভাপতি | ১১/০৯/২০২২খ্রিঃ |
| ২. | জনাব দিদার বেপারী | সহ-সভাপতি | ১১/০৯/২০২২খ্রিঃ |
| ৩. | জনাব মোঃ জাফর খান | সম্পাদক | ১১/০৯/২০২২খ্রিঃ |
| ৪. | জনাব সালমা বেগম | সদস্য | ১১/০৯/২০২২খ্রিঃ |
| ৫. | জনাব রিনা রানী | সদস্য | ১১/০৯/২০২২খ্রিঃ |
| ৬. | জনাব শারমিন | সদস্য | ১১/০৯/২০২২খ্রিঃ |

৭.০১ মন্তব্য ঃ যথা সময়ে নির্বাচনের মাধ্যমে কমিটি পূর্নগঠনের জন্য ব্যবস্থাপনা কমিটিকে বলা হলো ।

## ব্যবস্থাপনা কমিটির সভা ঃ

৮.০১ পর্যালোচনা ঃসমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪২(২) বিধিমতে প্রতি মাসে ১টি ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। চলতি বর্ষে কমিটির ০৬ টি সভা করেছেন।

৮.০২ মন্তব্য ঃ সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪২(২) বিধি মোতাবেক ব্যবস্থাপনা কমিটির প্রয়োজনীয় সংখ্যক সভা অনুষ্ঠিত হয় নাই। বিধি মোতাবেক সভা অনুষ্ঠান ও সভার সিদ্ধান্ত মোতাবেক সমিতির কার্যক্রম পরিচালনা করতে পরামর্শ দেয়া হলো।

## সদস্য ঃ

৯.০১ পর্যালোচনা ঃ সমিতিতে ২০/০২/২০২২ তারিখে সদস্য সংখ্যা ৩০ জন।

৯.০২ মন্তব্য ঃ সভ্যের তালিকা বহি যথাযথভাবে পূরণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

### অংশগত মূলধন ঃ

১২.০১ পর্যালোচনা ঃ বর্তমানে সদস্য ৩০ জন মোট শেয়ার মূলধন ৬৭০০/- টাকা।

১২.০২ মন্তব্য ঃ শেয়ার সংক্রান্ত হিসাব সঠিকভাবে সংরক্ষণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে বলা হলো।শেয়ার সার্টিফিকেট প্রদান করা হয়নি।

### সঞ্চয় আমানত ঃ

১৩.০১ পর্যালোচনা ঃ রেকর্ডদৃষ্টে দেখা যায় ২০/০২/২০২৫ইং তারিখ পর্যন্ত সদস্যদের নিকট থেকে ২৮১৮৮/- টাকা সঞ্চয় বাবদ আদায় করে। আদায়ের হার সন্তোষ জনক নয় ।

১৩.০২ মন্তব্য ঃ সদস্যদের সঞ্চয় আমানতের উপর নিয়মিত ভাবে লভ্যাংশ প্রদানের জন্য বলা হলো এবং আমানতের আলাদা রেজিষ্টার সংরক্ষণের জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো। পাশ বই প্রদান করা হয়েছে।

### ব্যাংক হিসাব ঃ

১৫.০১ পর্যালোচনা ঃ সমিতির নামে ব্যাংক হিসাব খোলা আছে। ব্যাংকের মাধ্যমে তারা লেনদেন করে ।

১৫.০২ মন্তব্য ঃ ব্যাংক হিসাব এর মাধ্যমে ঋনসহ অন্যান্য লেনদেন করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে বলা হলো।

### মজুত তহবিল ঃ

১৬.০০ পর্যালোচনা ঃ ২০/০২/২০২৫ইং তারিখে সমিতির হস্ত মজুত পরিমান ১৩৪৪৬/-টাকা ।
মন্তব্য ঃ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত ও এজিএম এর অনুমোদন করত: একটি নির্দিষ্ট পরিমান টাকা হস্ত মজুত রেখে বাকী টাকা ব্যাংকে জমা অথবা বিনিয়োগ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো।
উপসংহার ঃ সমবায় আইন ও বিধিমালা সম্পর্কে যথেষ্ট জ্ঞান ও ব্যবস্থাপনা কমিটির ব্যক্তিগত ব্যবস্থাপনার কারণে সমিতি পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ কর্তৃক নিয়মিত তদারকী জোরদার করে এবং সমিতির কর্মকর্তাদের প্রশিক্ষনের মাধ্যমে সমবায় আইন ও বিধি অনুশীলনে সক্রিয় করা যায়।

সার সংক্ষেপ ঃ

১। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধন-০২ ও ১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর সহিত সঙ্গতি রেখে উপ-আইন সংশোধন করতে হবে।
২। উপ-আইনের উদ্দেশ্যাবলী বাস্তবায়নে সমিতি কর্তৃপক্ষকে তৎপর হতে হবে।
৩। সমবায় সমিতি আইন ও বিধির আওতায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে।
৪। সমিতির সদস্যদের মধ্যে শেয়ার সার্টিফিকেট ইস্যু করতে হবে।
৫। সভ্যগন হতে সঞ্চয় আমানত আদায়ের বিপরীতে পাশ বহি ইস্যু করতে হবে।
৬। সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতির উপ-আইন অনুযায়ী জমি ক্রয়-বিক্রয় করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে উদ্যোগী হতে হবে।
৭। সমিতির আসবাবপত্রে মজুদ খতিয়ান সংরক্ষণ করতে হবে।
৮। সমবায় আইন ও বিধি মোতাবেক বিনিয়োগ করতে হবে।
৯। সমবায় সমিতি আইন/২০০১ এর ২৬(২) ও বিধিমালা/২০০৪ এর ৭০ থেকে ৭৫ বিধিমতে ঋন কার্যক্রম পরিচালনা করতে হবে।

স্মারক নং-

তারিখঃ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। সভাপতি, দক্ষিণ চরবিষ্ণুপুর খেজুরতলা আশ্রয়ণ-২ প্রকল্প সমবায় সমিতি লিঃ । তাকে আগামী ১৫ দিনের মধ্যে ভুল ত্রুটি সংশোধন পূর্বক প্রতিবেদন দাখিল করতে বলা হ'ল।
২। জেলা সমবায় অফিসার, ফরিদপুর।

স্বাক্ষরিত/
(খোকন চন্দ্র রায়)
উপজেলা সমবায় অফিসার
সদরপুর , ফরিদপুর।